সংবাদ

তারিখ APR 2012
পৃষ্ঠা ১৬ কলাম ৪

সংকটে পড়তে যাচ্ছে বুয়েট

- শিক্ষামন্ত্রীর সঙ্গে শিক্ষকদের বৈঠক ফলপ্রসূ হয়নি
- রোববার ক্লাসে না ফিরলে ব্যবস্থা

নিজস্ব বার্তা পরিবেশক

গভীর সংকটে পড়তে যাচ্ছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। উপাচার্য (ভিসি), প্রো-ভিসির পদত্যাগ ও কর্তৃপক্ষের বিভিন্ন অনিয়মের অভিযোগে আন্দোলন থেকে সরছে না সাধারণ শিক্ষকরা। ক্লাস বর্জন করে তারা আন্দোলন চালিয়ে যাচ্ছেন। অন্যদিকে ভিসি ও প্রো-ভিসির পক্ষাবলম্বন করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারীরা সাধারণ শিক্ষকদের বিরুদ্ধে আন্দোলন কর্মসূচি অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন। তারা বলছেন, মূলত একটি বিশেষ মহলের ইন্ধন ও অর্থায়নেই আন্দোলন হচ্ছে। ফলে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও প্রশাসন কর্মকর্তাদের অভ্যন্তরীণ দ্বন্দ্ব চরম রূপ নিয়েছে।

জানতে চাইলে বুয়েটের উপাচার্য অধ্যাপক ড. এসএম নজরুল ইসলাম গতকাল বিকেলে সংবাদকে বলেছেন, 'শিক্ষকদের নিজেদের কোন দাবি নেই। তারা আমার বিরুদ্ধে ১৭টি অভিযোগ এনেছেন, যার কোন ভিত্তি নেই। কাজেই তাদের কথায় পদত্যাগ করব কেন? তিনি বলেন, 'শিক্ষকদের কথায় বুয়েট চলবে না, বুয়েট চলবে উপাচার্যের কথায়। কারণ এখন আওয়ামী লীগ ক্ষমতায়। যখন বিএনপি ক্ষমতায় ছিল তখন

সংকটে : পৃষ্ঠা : ২ ক : ১

সংকটে : পড়তে যাচ্ছে

(১৬ পৃষ্ঠার পর)

শিক্ষকদের কথায় বুয়েটে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি হয়েছে। এখন স্বেচ্ছাচারিতা চলতে দেয়া হবে না।'

তিনি বলেন, 'রোববারে শিক্ষকদের ক্লাসে ফিরতে বলা হয়েছে। ওইদিন তারা ক্লাসে না ফিরলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনক্রমেই শিক্ষার্থীদের পাঠদান থেকে বঞ্চিত রাখা যাবে না।'

উপাচার্য বলেন, 'শিক্ষকরা নিজেরা পদোন্নতি নিতে পারবেন, কিন্তু কর্মকর্তা-কর্মচারীরা পদোন্নতি পাবে না, তা কিভাবে হয়?'

বর্তমান পরিস্থিতিতে শিক্ষকদের একাডেমিক কার্যক্রমে ফিরিয়ে আনতে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগও ফলপ্রসূ হচ্ছে না। গতকাল দুপুরে বুয়েটের আন্দোলনরত শিক্ষকদের একটি প্রতিনিধিদল সচিবালয়ে শিক্ষামন্ত্রীর নুরুল ইসলাম নাহিদের সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাতে শিক্ষক নেতারা বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিভিন্ন অনিয়ম, স্বজনপ্রীতি ও দুর্নীতির একটি প্রতিবেদন মন্ত্রীর কাছে তোলে ধরেন। শিক্ষামন্ত্রী তাদের ক্লাসে ফিরে যাওয়ার অনুরোধ জানালেও শিক্ষকরা বলেছেন ভিসি ও প্রো-ভিসির পদত্যাগ ছাড়া আন্দোলন প্রত্যাহার হবে না।

শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ শেষে বুয়েট শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মুজিবুর রহমান সাংবাদিকদের বলেন, 'আমরা বুয়েটের সার্বিক পরিস্থিতি সম্পর্কে মন্ত্রীকে অবহিত করেছি। বুয়েটের অনিয়মের একটি চিত্র তোলে ধরেছি।'

তিনি জানান, 'ভিসি ও প্রো-ভিসির পদত্যাগের আগ পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে। আগামী রোববার শিক্ষক সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হবে। ওই সভা থেকে আন্দোলনের নতুন কর্মসূচি ঘোষণা করা হবে।'

এ বিষয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল বিকেলে সংবাদকে বলেছেন, 'দেশের সবচেয়ে মেধাবী সন্তানরা বুয়েটে লেখাপড়া করছে। যারা পড়াচ্ছে তারাও দেশের শ্রেষ্ঠ মেধাবী শিক্ষক। এই বিশ্ববিদ্যালয়ের পাঠদান ব্যাহত হোক তা কোনক্রমেই কাম্য নয়। আমরা উভয়পক্ষকে এ বিষয়ে আরও সংযত ও দায়িত্বশীল হতে বলব।' তিনি আরও জানান, 'শিক্ষকরা তাদের বিভিন্ন দাবি ও সমস্যার কথা বলেছেন। আজ (গতকাল) রাতে ভিসি ও প্রো-ভিসির সঙ্গে সাক্ষাৎ হবে। এরপর উভয়পক্ষের দাবি ও সমস্যা সম্পর্কে প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতিকে অবহিত করব।'